

---

## চুয়েটের ভর্তি পরীক্ষা আজ আসনপ্রতি ২২ ভর্তিচ্ছু

চুয়েট প্রতিনিধি •  
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) ২০২৪-২৫  
শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি  
পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হবে।  
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছাড়াও  
পরীক্ষা নেওয়া হবে চট্টগ্রাম শহরের  
আরও ৪টি উপকেন্দ্রে। চুয়েটের  
পুরকৌশল, তড়িৎ ও ইলেক্ট্রনিক  
কৌশল, যন্ত্রকৌশল এবং স্থাপত্য ও  
পরিকল্পনা অনুষদের ১২টি বিভাগে  
মোট আসন ৯৩১টি। এর বিপরীতে  
এবার আবেদন করেন ২২ হাজার  
৬৫১ শিক্ষার্থী। সে হিসাবে  
আসনপ্রতি লড়বেন ২২ জন ভর্তিচ্ছু  
পরীক্ষার্থী।

শনিবার সকাল সাড়ে ১০টা  
থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত  
লিখিত পরীক্ষা এবং দুপুর ১২টা ৪৫  
মিনিট থেকে ১টা ৪৫ মিনিট পর্যন্ত  
মুক্তহস্ত অঙ্কন অনুষ্ঠিত হবে। চুয়েট  
ক্যাম্পাসের বাইরে ভর্তি পরীক্ষা  
অনুষ্ঠিত হবে চট্টগ্রাম কলেজ, হাজী  
মুহাম্মদ মুহসীন কলেজ, কাজেম  
আলী স্কুল ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৬

---

## আসন্নপ্রতি ২২

(তৃতীয় পৃষ্ঠার পর) ও কলেজ এবং  
চট্টগ্রাম ক্যাটনমেন্ট পাবলিক স্কুল ও  
কলেজ উপকেন্দ্রে।

এবারের ভর্তি পরীক্ষায় গণিত,  
পদাৰ্থবিদ্যা, রসায়ন ও ইংৰেজি  
বিষয়ের ওপৰ ক ও খ গ্রুপের জন্য  
৫০০ নম্বৰের লিখিত পরীক্ষা হবে। খ  
গ্রুপের পরীক্ষার্থীদের ৫০০ নম্বৰের  
লিখিত পরীক্ষার পাশাপাশি অংশগ্রহণ  
কৰতে হবে ২০০ নম্বৰের মুক্তহস্ত অঙ্কন  
পরীক্ষায়। গণিত, পদাৰ্থবিদ্যা ও  
রসায়নের প্রতিটিতে ১৫টি এবং  
ইংৰেজি বিষয়ে ৫টি প্রশ্ন থাকবে।  
পরীক্ষার ফলাফল বা মেধাতালিকা  
প্রকাশ কৰা হবে ২২ ফেব্ৰুয়াৰি বিকাল  
৫টোয়া।

ভর্তি পরীক্ষা কমিটিৰ সভাপতি  
এবং চুয়েটেৱ পুৱাকৌশল বিভাগেৱ  
অধ্যাপক সুনীপ কুমাৰ পাল বলেন,  
পরীক্ষার্থীদেৱ সব ধৰনেৱ সহায়তা  
কৰতে আমৰা প্ৰস্তুত। সবাৰ  
সহযোগিতায় সুন্দৰভাৱে ভর্তি  
পরীক্ষার সব কাৰ্যক্ৰম সম্পন্ন হবে।